জীবননগরে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের অর্থ সহায়তা প্রদান

জামায়াতে ইসলামী জীবননগর উপজেলা শাখার উদ্যোগে সম্প্রতি জীবননগর কাঁচাবাজারে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ৪ জন ব্যবসায়ীর মাঝে অর্থ সহায়তা প্রদান করা হয়েছে। বুধবার দুপুর ৩টায় জীবননগর কাঁচাবাজার প্রাঙ্গণে এ সহায়তা প্রদান করা হয়।

চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমীর অ্যাডভোকেট রুহুল আমীন ক্ষতিগ্রস্তদের হাতে এই অর্থ সহায়তা তুলে দেন।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা তালিমুল কুরআন শিক্ষা বিভাগের সম্পাদক মাওলানা মহিউদ্দীন, জেলা প্রশিক্ষণ সম্পাদক জিয়াউল হক, জেলা উলামা বিভাগের সভাপতি মাওলানা ইসরাইল হোসেন, জেলা মজলিসুল মুফাসসিরিন পরিষদের সভাপতি মাওলানা হাফিজুর রহমান, জেলা পেশাজীবী পরিষদের সভাপতি সহকারী অধ্যাপক খলিলুর রহমান, জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি মাহফুজুর রহমান।

এছাড়া উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা জামায়াতের আমীর মাওলানা সাজেদুর রহমান, নায়েবে আমীর হাফেজ বিল্লাল হোসেন, উপজেলা সেক্রেটারি সাখাওয়াত হোসেন, সহকারী সেক্রেটারি মাওলানা আবু বকর, মাওলানা সাইদুল হক, আইটি সম্পাদক হারুন অর রশীদ, উপজেলা যুব বিভাগের সভাপতি মাজেদুর রহমান লিটন, পৌর আমীর মাওলানা ফিরোজ হোসেন, পৌর সেক্রেটারি ইব্রাহিম খলিল এবং পৌর যুব সভাপতি আরিফুল ইসলাম জোয়ার্দ্দার প্রমুখ।

কুষ্টিয়ায় প্লাইউড বোর্ড

কারখানায় অগ্নিকাণ্ড

কুষ্টিয়ায় এমএন্ডবি প্লাইউড ইন্ড্রাস্টিজ নামের একটি কারখানায় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। খবর পেয়ে ফায়ার সার্ভিস ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে।

বৃহস্পতিবার (১৬ জানুয়ারি) দুপুর সাড়ে ১২টার দিকে শহরের কালিশংকরপুর এলাকায় কুষ্টিয়া-রাজবাড়ী সড়কের পাশে অবস্থিত কারখানায় আগুন লাগে। কারখানাটিতে কাঠ দিয়ে প্লাইউড বোর্ড তৈরি করা হতো।

কারখানার কর্মকর্তা ও কর্মচারীরা জানান, বৃহস্পতিবার সাড়ে ১২টার দিকে প্রেস মেশিন থেকে অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়। পরে আগুন ছড়িয়ে পড়ে কারখানার নিচতলায় ও দ্বিতীয় তলায়। খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনেন। এতে কী পরিমাণ ক্ষতি হয়েছে তা নিশ্চিত করতে পারেনি তারা। তবে এতে কেউ আহত হননি।

কুষ্টিয়া ফায়ার সার্ভিসের সহকারী পরিচালক জানে আলম বলেন, প্লাইউড বোর্ড তৈরির কারখানায় আগুন লাগার খবর পেয়ে ফায়ার সার্ভিসের বেশ কয়েকটি ইউনিট ঘটনাস্থলে আসে এবং আগুন নিয়ন্ত্রণে আনে। তাৎক্ষণিকভাবে ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি। কারখানার প্রেস মেশিন থেকে আগুনের সূত্রপাত হয়েছে। প্রেস মেশিনের তেল জ্যাম হয়ে আগুনের সূত্রপাত হয়। পরে কারখানায় আগুন ছড়িয়ে পড়ে। এতে কিছুটা ক্ষতি হয়েছে, তবে খুব বেশি ক্ষতি হয়নি। কেউ হতাহত হয়নি।

মেহেরপুরে লেদ মেশিন কারখানায় অগ্নিকাণ্ড, ক্ষতি ৩০ লাখ টাকা

মেহেরপুরে ভয়াবহ অগ্নিকাণ্ডে পুড়ে গেছে লেদ মেশিনের একটি কারখানা। এতে প্রায় ৩০ লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে ওই লেদ মেশিনের মালিকের। এসময় একটি ট্রাক্টর পুড়ে ভস্মীভূত হয়েছে।

আজ শুক্রবার (২০ সেপ্টেম্বর) সকালের দিকে মেহেরপুর সদর উপজেলার বামনপাড়া এলাকায় এই ঘটনা ঘটে।

কারখানা মালিক সদর উপজেলার আমদহ গ্রামের সানোয়ার হোসেন জানান, বামনপাড়ার মোড়ে আমার লেদ মেশিনের কারখানা। প্রতিদিনের মতো কাজ সেরে বৃহস্পতিবার রাতে বাড়ি চলে যাই।

সকাল নয়টার দিকে হঠাৎ করে সেখানে আগুন লাগে। আগুনে লেদ মেশিনের ভিতর রাখা একটি ট্রাক্টরসহ অন্যান্য জিনিস পুড়ে যায়। খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে।

এই ভয়াবহ অগ্নিকাণ্ডে প্রায় ৩০ লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে বলে লেদ মালিক সানোয়ার জানান।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরা জানান, গ্যাসের কোন লিকেজ অথবা বৈদ্যুতিক শর্ট সার্কিটের মাধ্যমে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটতে পারে। তারা জানান,লেদ মেশিনের কারখানায় অগ্নি নির্বাপক ব্যবস্থা রাখার কথা থাকলেও বারবার বলা সত্ত্বেও এখানে অগ্নি নির্বাপনে কোনো ব্যবস্থা রাখা হয়নি। অগ্নি নির্বাপক ব্যবস্থা থাকলে ক্ষতির সম্ভাবনা কম হতো বলে ফায়ার সার্ভিসের কর্মকর্তা জানান।

মেহেরপুর জনতা ব্যাংকে অগ্নিকাণ্ড

জেনারেটরের বিদ্যুৎ থেকে শর্ট সার্কিট হয়ে আগিুকাণ্ড ঘটেছে মেহেরপুর জনতা ব্যাংকে। আজ রবিবার (৩১ মার্চ) সকাল সাড়ে ১০ টার দিকে জনতা ব্যাংকের বড় বাজার শাখায় এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

অগ্নিকাণ্ডে বড় ধরনের কোন ক্ষতি না হলেও আগুনের ধোঁয়ায় এলাকায় ভিত্তিকর পরিবেশ সৃষ্টি হয়।

জানা গেছে, সকাল সাড়ে দশটার দিকে বিদ্যুৎ চলে যাওয়ার পর

ব্যাংকের নিজস্ব জেনারেটর চালু করা হয়। জেনারেটর চালুর পরপরই জেনারেটরের বিদ্যুৎ থেকে শর্ট সার্কিটের মাধ্যমে আগুন লাগে। এসময় ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীরা দ্রুত অগ্নি নির্বাপন গ্যাস ব্যবহার করে আগুন আয়ত্তে নেন।

খবর পেয়ে মেহেরপুর ফাঁয়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরাও ঘটনাস্থলে পৌঁছান।

অগ্নিকান্ডের সাথে সাথে ধোঁয়ার কুন্ডলী বের হতে থাকে। এসময় ব্যাংকসহ শহর এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। ব্যাংক কর্তৃপক্ষের তড়িৎ গতিতে অগ্নি নির্বাপন গ্যাস ব্যবহার করাই বড় ধরনের দুর্ঘটনা থেকে রক্ষা পায় বলে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মকর্তারা জানান।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কনি মিয়া বলেন, আগুন লাগার খবর পেয়ে পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছান।

আলমডাঙ্গায় শর্ট সার্কিট থেকে অগ্নিকাণ্ড, পুড়ল ৩টি দোকান

আলমডাঙ্গা উপজেলায় অগ্নিকাণ্ডে ৩টি দোকান পুড়ে গেছে। আজ মঙ্গলবার রাত ৪ টার দিকে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের সদস্যরা আগুন নিয়ন্ত্রণে আনেন।

প্রত্যক্ষদর্শী ও এলাকাবাসী সূত্রে জানা যায়, উপজেলার কালিদাসপুর ইউনিয়নের শ্রীরামপুর গ্রামের জামাল ব্রিজ এলাকায় ভুট্টো আলীর লেদের দোকান, শহিদুল ইসলামের মুদি দোকান ও ইউসুব ঘোষের হোটেলে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুন লাগে। এতে দোকানে থাকা পেট্রোল ও ডিজেলে আগুন লাগে। এছাড়া হোটেলে থাকা গ্যাস সিলিন্ডার বিস্ফোরিত হয়। খবর পেয়ে আলমডাঙ্গা থেকে ফায়ার সার্ভিসের দুইটি ইউনিট আগুন নিয়ন্ত্রণে আনে। তবে, ততক্ষণে অগ্নিকান্ডে তিনটি দোকান পুড়ে ভস্কিভুত হয়।

আলমডাঙ্গা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের স্টেশন অফিসার আব্দুল্লাহ আল মামুন বলেন, খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় ফায়ার সার্ভিসের দুটি ইউনিট এবং আগুন নিয়ন্ত্রণে আনে।

দামুড়হুদায় অগ্নিকাণ্ডে ভস্নীভূত হওয়ায় পরিবারের পাশে ইউএনও রোকসানা মিতা

দামুড়হুদায় অগ্নিকাণ্ডে মেসার্স সাইম ট্রেডার্স পুড়ে ভস্নীভূত হওয়ায় পরিবারটির পাশে দাঁড়ালেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা। আজ তিনি ঘটনাস্থল পরিদর্শন করেন ও পরিবারের খোঁজ খবর নেন। উপজেলা প্রশাসনের পক্ষ থেকে আর্থিক সহায়তা প্রদান করেন। সেই সাথে ব্যবসা প্রতিষ্ঠান পূর্ণনির্মাণ করার জন্য ঢেউটিনের আবেদন করতে বলেন।

উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন অগ্নিকাণ্ডের ঘটনা জানতে পেরে ঘটনাস্থল পরিদর্শন করেছি ও পরিবারের খোঁজ খবর নিয়েছি। অগ্নিকাণ্ডে ব্যবসায়ী অনেকটা ক্ষতিগ্রস্ত হয়েছে, ঘটনাটি অত্যন্ত কষ্টদায়ক। ব্যবসায়ী শওকত ওসমান আমার অফিসে এসেছিলেন উপজেলা প্রশাসনের পক্ষ থেকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। সেই সাথে ব্যবসা প্রতিষ্ঠান পূর্ণনির্মাণ করার জন্য ঢেউটিনের আবেদন করতে বলেছি, আবেদন করলে ঢেউটিন প্রদান করা হবে। এবং পরিবারটিকে সার্বিক সহযোগিতা করার আশ্বাস দিয়েছি। এধরণের অনাকাঙ্ক্ষিত অগ্নিকান্ড এড়াতে সকলকে নিজ নিজ অবস্থান থেকে সচেতন থাকা দরকার বলে জানান।

উল্লেখ্য গত শুক্রবার দামুড়হুদা উপজেলার নাটুদাহ ইউনিয়নের চারুলিয়া গ্রামে মেসার্স সাইম ট্রেডার্স অগ্নিকাণ্ডে পুড়ে ভস্নীভূত হয়। ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী চারুলিয়া গ্রামের পুলপাড়া এলাকার মৃত নজরুল মাষ্টারের ছেলে শওকত আলী(৬০)।

শুক্রবার রাত ৩ টার দিকে নিজ বাড়ির সাথে সার ও কীটনাশকের দোকানে

অগ্নিকান্ডের ঘটনা ঘটে। এ সময় অগ্নিকাণ্ডে প্রায় অর্ধকোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবি ব্যবসায়ী শওকত আলীর।

দামুড়হুদায় অগ্নিকাণ্ডে মেসার্স সাইম ট্রেডার্স পুড়ে ভস্নীভূত

দামুড়হুদার চারুলিয়া গ্রামে সার ও কীটনাশকের দোকানে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী চারুলিয়া গ্রামের পুলপাড়া এলাকার মৃত নজরুল মাষ্টারের ছেলে শওকত আলী(৬০)।

শুক্রবার দিবাগত রাত ৩ টার দিকে নিজ বাড়ির সাথে সার ও কীটনাশকের দোকানে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। এ সময় অগ্নিকাণ্ডে প্রায় অর্ধকোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবি ব্যবসায়ী শওকত আলীর।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গোডাউনে বৈত্যতিক তার ছিড়ে আগুন লাগতে পারে। শুক্রবার ভোর ৪ টার দিকে প্রথমে স্থানীয় এলাকাবাসীরা দেখতে পান। ততক্ষণে এক ঘন্টা ধরে আগুন জ্বলে পুড়ে গিয়েছিল বলে জানানো হয়। এসময় মসজিদে যাওয়া মুসল্লী ও প্রতিবেশীদের সহায়তায় আগুন নিয়ন্ত্রণে আসে। মুহূর্তেই আগুন ছড়িয়ে পড়ে সার ও কীটনাশকের পুরো সার, বীজ ও কীটনাশকের গোডাউনে।

অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্থ শওগত আলী কান্না জড়িত কণ্ঠে জানান,আমার দোকানের ক্যাশবাক্সে থাকা নগদ প্রায় পাঁচ লাখ টাকা,হিসাব খাতাসহ সব মালামাল পুড়ে ছাই হয়ে গেছে, আমি শেষ। আমার আর পুঁজি বলতে আর কিছুই রইল না। এই দোকানের কামাই রোজগার দিয়েই সংসার ও সন্তানের লেখাপাড়ার খরচ চালাতাম। এখন কি হবে।

স্থানীয় ইউপি সদস্য মনিরুজ্জামান মনি বলেন, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হতে পারে। আমি খবর পাওয়া মাত্রই পুড়ে যাওয়া ঘটনাস্থল পর্যবেক্ষণ করেছি। ক্ষতিগ্রস্থদের সার্বিক সহযোগিতার জন্যে সর্বাত্বক

চেষ্টা করছি। তিনি আরো বলেন আমি উপজেলা নির্বাহী কর্মকর্তার সু- দৃষ্টি কামনা করছি ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাঁড়ানোর জন্য।

গাংনীর বেতবাড়ীয়ায় অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের সহোযোগিতা করলেন ইউএনও

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের বেতবাড়ীয়া গ্রামের বিশ্বাস পাড়ায় গত মঙ্গলবার (৯ই মে) বিকেলে আগুন লেগে ৩টি পরিবারের বসতঘর, আসবাবপত্র সহ ২টি ছাগল ও ১টি গরু পুড়ে যায়। এতে ওই ৩টি পরিবারের ২লক্ষাধীক টাকার ক্ষয়ক্ষতি হয়। যা নিয়ে সংবাদ প্রকাশ করে দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকা।

এ ঘটনার একদিন না পেরুতেই বুধবার (১০ই মে) গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু ক্ষতিগ্রস্ত ওই ৩টি পরিবারের সাথে দেখা করে সান্ত্বনা দেওয়া সহ সহোযোগিতার হাত বাড়িয়ে দেন।

এসময় গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সঙ্গে উপস্থিত ছিলেন কাজিপুর ইউনিয়ন পরিষদের ৮ নং ওয়ার্ডের মেম্বার সাইদুল ইসলাম, ৬ নং ওয়ার্ডের মেম্বার মোঃ মহিবুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক রেজাউল হক, ফারুক হোসেন সহ অনেকেই।

উল্লেখ্য: মঙ্গলবার (৯ই মে) বিকেল সাড়ে ৩টার দিকে বেতবাড়ীয়া গ্রামের জলিল উদ্দিনের রান্না ঘরে হঠাৎ করেই আগুন লেগে যায়। মুহুর্তের মধ্যেই আগুন ছড়িয়ে পড়ে আশেপাশে। স্থানীয়রা আগুন নেভানোর চেষ্টা করেও ব্যার্থ হয়। ফলস্বরূপ পার্শ্ববর্তী ফজল বিশ্বাস ও নাজির উদ্দিন বিশ্বাসের বসতঘর আগুন লেগে যায়। পরে খবর পেয়ে বামন্দী ফায়ার সার্ভিসের কর্মীরা এসে আগুন নিয়ন্ত্রণ করে।

গাংনীর বেতবাড়ীয়ায় অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ৩টি পরিবার

মেহেরপুরের গাংনী উপজেলার বেতবাড়ীয়া গ্রামের বিশ্বাস পাড়ায় ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। আজ মঙ্গলবার (৯ই মে) বিকেল সাড়ে ৩টার দিকে রান্না ঘরের চুলায় থেকে এ অগ্নিকাণ্ডের সূত্রপাত ঘটে। এতে ক্ষতিগ্রস্ত ৩টি পরিবারের ২ লক্ষাধীক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।

স্থানীয়রা জানান, বিকেলের দিকে বেতবাড়ীয়া গ্রামের জলিল উদ্দিনের রান্না ঘরে হঠাৎ করেই আগুন লেগে যায়। মুহুর্তের মধ্যেই আগুন ছড়িয়ে পড়ে আশেপাশে। স্থানীয়রা আগুন নেভানোর চেষ্টা করেও ব্যার্থ হয়। ফলস্বরূপ পার্শ্ববর্তী ফজল বিশ্বাস ও নাজির উদ্দিন বিশ্বাসের বসতঘর আগুন লেগে যায়। পরে খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা এসে আগুন নিয়ন্ত্রণ করে।

বামন্দী ফায়ার সার্ভিসের স্টেশন কর্মকর্তা ইসাহাক আলী জানান, আমারা ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়েছি। অগ্নিকাণ্ডে ২ লক্ষ টাকার অধিক ক্ষয়ক্ষতি হয়েছে। ২টি ছাগল আগুন পুড়ে মারা গেছে এবং একটি গরুও মারাত্মক ভাবে পুড়ে গেছে। বসতঘর সহ প্রয়োজনিও আসবাবপত্র পুড়ে ছায় হয়েছে। রান্নাঘরের চুলায় থেকে আগুনের সূত্রপাত ঘটেছে; এধরণের ঘটনা এড়াতে আগুনের ব্যবহারে অসাবধানতা দূর করে সচেতন হওয়া জরুরি।

এদিকে অগ্নিকাণ্ডের ঘটনার খবর পেয়ে কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মুহা: আলম হুসাইনের নির্দেশে ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ৩টি পরিবারকে তাৎক্ষণিক সহোযোগিতা করা হয়েছে।

কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মুহা: আলম হুসাইন বলেন, আমার ইউনিয়নের বেতবাড়ীয়া গ্রামে অগ্নিকাণ্ডের খবর পেয়ে তাৎক্ষণিকভাবে স্থানীয় কয়েকজন ইউপি সদস্যদের মাধ্যমে ইউনিয়ন পরিষদ থেকে নগদ অর্থ ও চাউল দিয়ে সহোযোগিতা ও উপজেলা নির্বাহী অফিসারকে বিষয়টি অবগত করেছি। ক্ষতির পরিমাণের কাছে আমাদের সহোযোগিতা নগণ্য তাই সমাজের বিত্তবানদের ঐ ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর পাশে দাঁড়ানোর আহ্বান করছি।

ঝিনাইদহে আগুনে পুড়ল কোটি টাকার সম্পদ, আহত ১

ঝিনাইদহের কালীগঞ্জ শহরের একটি ইলেকট্রনিক্স দোকান অগ্নিকাণ্ডে পুড়ে গেছে। মঙ্গলবার (৯ মে) সকাল ১০টার দিকে কালীগঞ্জ থানা সংলগ্ন আল্লার দান ইলেকট্রনিক্সে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

ফায়ার সার্ভিসের ৩টি ইউনিট ও স্থানীয়দের সহযোগিতায় দেড় ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হন। এ ঘটনায় কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ আহত হয়েছেন।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সকালে আল্লার দান ইলেকট্রনিক্সে আগুন দেখে ফায়ার সার্ভিসকে খবর দেওয়া হয়। মুহূর্তেই মধ্যে আগুন ছড়িয়ে পড়ে। এতে আতঙ্ক ছড়িয়ে পড়ে পুরো এলাকায়। তিন তলা ভবনের অন্য দুই তলায় গোডাউন ও পরিবার নিয়ে বসবাস করতেন দোকান মালিক। তারা নিরাপদে আশ্রয় নেন।

ফায়ার সার্ভিসের ৩টি ইউনিট আগুন নিয়ন্ত্রণের জন্য ঘটনাস্থলে আসে। এরপর স্থানীয়দের সহযোগিতায় প্রায় দেড় ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। আল্লার দান ইলেকট্রনিক্সের পাশের দোকান মোল্লা ট্রেডার্সও আগুনে ক্ষতিগ্রস্ত হয়েছে। এতে আনুমানিক প্রায় ১ কোটি টাকা ক্ষতি হয়েছে বলে প্রাথমিকভাবে জানিয়েছেন দোকান মালিক।

ঝিনাইদহ ফায়ার সার্ভিস ও ডিফেন্স সার্ভিসের উপ-সহকারী পরিচালক আব্দুস সালাম জানান, আগুন নিয়ন্ত্রণে আনতে ফায়ার সার্ভিসের ৩টি ইউনিট কাজ করেছে। প্রায় দেড় ঘণ্টার বেশি সময় লেগেছে আগুন নিয়ন্ত্রণে আনতে। এতে কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ আহত হয়েছেন। তাকে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

তিনি আরও বলেন, শর্টসার্কিট থেকে আগুন লাগতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।